সুদীর্ঘ তেষট্টি বৎসর ধরিয়া
সুনাম ও সততার
সঙ্গে
বিশেষত্ব বজায় রেখেছে
পণ্ডিত-প্রেস
রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ
সকল প্রকার ছাপার কাজের
নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

**বহরমপুর এক্সরে ক্লিনিক**
জল গম্বুজের নিকট
পোঃ বহরমপুর : মুর্শিদাবাদ
জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা
★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।
★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।
★ কলিকাতার মত এক্সরে করা হয়।
★ দিবারাত্রি খোলা থাকে।
জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৫৩শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—২৮শে আষাঢ় বুধবার, ১৩৭৩ ইং 13th July 1966 { ৯ম সংখ্যা।


সকল ঘরের তরে...
দীপ্তি লণ্ঠন
ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

**রান্নায় আনন্দ**
এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন প্রীতি এনে দিয়েছে।
রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।
জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।
• ধুলো, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
• স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
• যে কোনো অংশ সহজলভ্য।

**খাস জনতা**
কেরোসিন কুকার
প্রস্তুতকারক:
দি ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ
৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

সাইকেল ও সাইকেল পার্টস এর
নির্ভরযোগ্য প্রাচীন প্রতিষ্ঠান
**সুলভ ভাণ্ডার**
রঘুনাথগঞ্জ চাউলপটী।

স্টুডেন্টস ফেক্টরি
রঘুনাথগঞ্জ, (বাসষ্ট্যাণ্ড) মুর্শিদাবাদ
★ পাঠাগার, স্কুল ও কলেজের সব রকমের বই, খেলার সরঞ্জাম, কাগজ পেন ইত্যাদি সবচেয়ে সুবিধায় কিনুন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ ।

# জঙ্গিপুর সংবাদ

২৮শে আষাঢ় বুধবার সন ১৩৭৩ সাল ।

## পলিমাটি অপসারণ

নবদ্বীপ থেকে জঙ্গিপুর পর্য্যন্ত ভাগীরথীর পলি না তুললে ফরাক্কা বাঁধে কলকাতা বন্দরের উন্নতি না হয়ে বরং ক্ষতি হবারই আশঙ্কা। পশ্চিমবঙ্গ সরকারের সেচ দপ্তরের এই অভিমত। সেচ দপ্তরের ইঞ্জিনিয়ারিং রিপোর্টে বলা হয়েছে, নবদ্বীপ থেকে ফিডার ক্যানেল পর্য্যন্ত ভাগীরথীর পলি না সরালে জল ছাড়বার সঙ্গে সঙ্গে সে পলি কলকাতার গঙ্গায় নেমে আসবে। গঙ্গায় আরও পলি জমবে। সে পলি ধুয়ে নিয়ে যাওয়ার ক্ষমতাও উপরের জল-স্রোতের থাকবে না। কারণ পলিতে মজে ভাগীরথীর অবস্থা এমন সঙ্গীন যে ফারাক্কা বাঁধের সাহায্যে ফিডার ক্যানেল দিয়ে প্রধান গঙ্গার জল ভাগীরথীতে আনলে সে তা টানতে পারবে না। জল উপছে পড়ে দুপাড় ভাসাবে। প্রচুর জল অপচয় হবে। সেজন্যই রাজ্য সরকার চান ফরাক্কা বাঁধ, ফিডার ক্যানেল এবং ভাগীরথীর পলি অপসারণ ও বাঁধের কাজ একই সঙ্গে চলুক।

ফরাক্কা প্রকল্পকে তিনটি পর্য্যায়ে ভাগ করে ধাপে ধাপে কাজ চালানোর প্রস্তাবে রাজ্য সরকারের আপত্তি আছে। কেন্দ্র বলছেন (১) ফরাক্কার মূল বাঁধ ও রেল-সড়ক সেতু, (২) ফিডার ক্যানেল এবং (৩) ভাগীরথী উন্নয়ন এই তিন পর্য্যায়ে ফরাক্কা প্রকল্পকে ভাগ করা হোক। মূল বাঁধের কাজ আগে শেষ করে কলকাতার গঙ্গায় জলস্রোত প্রবাহের পর অন্য কাজে হাত দেওয়া হবে। রাজ্য সরকার বলছেন, তিনটি পর্য্যায় অঙ্গাঙ্গীভাবে যুক্ত। ভাগীরথীকে জল বহনের উপযোগী না করে বাঁধ বেঁধে জল ছাড়লে তা অপচয় হবে। ফরাক্কা বাঁধের পূর্ণ সুযোগ থেকে কলকাতা বঞ্চিত হবে। পশ্চিমবঙ্গ বন্যা নিয়ন্ত্রণ কমিটির সুপারিশও ছিল তাই। এছাড়া ভাগীরথী দিয়ে ফরাক্কা পর্য্যন্ত নৌ যোগাযোগের বিষয়টিও কম গুরুত্বপূর্ণ নয়।

---

## একটি অদ্ভুত রোগ

জিয়াগঞ্জের একজন চিকিৎসকের কাছ থেকে জানা গিয়েছে যে, ভগবানগোলা থানা এলাকার খেজুরবোনা-বসন্তপুর অঞ্চলে তাঁর চিকিৎসাধীন কিশোর থেকে প্রৌঢ়বয়স্ক পর্য্যন্ত এমন কয়েকজন রোগী আছেন, যাঁদের শরীরের নিম্নাংশ হঠাৎ অবশ-অসাড় হয়ে যাওয়ায় চলচ্ছক্তিহীন হয়ে পড়েছেন। আরও জানা গিয়েছে যে, এই রোগের কারণ সঠিকভাবে নির্ণীত না হলেও সম্ভবত বেশী পরিমাণে খেসারির ডাল খাওয়ার কারণে এই রোগ দেখা দিয়েছে বলে অনুমান করা হচ্ছে। প্রকাশ, ঐ অঞ্চলের অধিকাংশ লোক দরিদ্র এবং আকাশ-ছোঁয়া চড়া দামে চাল কিনে খাওয়া তাঁদের পক্ষে সম্ভব নয় বলে তাঁরা আটার সঙ্গে অপেক্ষাকৃত সস্তা খেসারির ডালের গুঁড়া বা বেসন বেশী পরিমাণে মিশিয়ে রুটি তৈরী করে কোন রকমে জীবন ধারণ করছেন। ঐ অঞ্চলে ঐ ধরণের রোগী আরও আছেন বলেও জানা গিয়েছে। রোগের সঠিক কারণ-নির্ণয়ে সরকারী স্বাস্থ্যবিভাগ তৎপর হবে বলে অনেকে আশা করছেন।

---

## সরকারী কর্ম্মচারী ও শিক্ষকগণের বিরাট মিছিল

গত ১২ই জুলাই মঙ্গলবার সন্ধ্যার প্রাক্কালে জঙ্গিপুরের বিভিন্ন বিভাগের সরকারী কর্ম্মচারী ও শিক্ষকগণ রঘুনাথগঞ্জ সরাইখানায় সমবেত হইয়া সাধারণ দাবির ভিত্তিতে কয়েকটী প্রস্তাব গৃহীত হওয়ার পর সেখান হইতে একটী বিরাট মিছিল বাহির হইয়া রঘুনাথগঞ্জ সহর প্রদক্ষিণ করে। "সকল কর্ম্মচারী শিক্ষক ঐক্য জিন্দাবাদ," "মূল্য বৃদ্ধি রোধ কর," "দ্রব্যমূল্য হ্রাস কর," "সারা রাজ্যে বিধিবদ্ধ রেশনিং চালু কর" প্রভৃতি ধ্বনি দেওয়া হয়। দ্রব্যমূল্য অনুযায়ী মহার্ঘ্য-ভাতা চালু করার দাবিও ছিল।

---

## হাসপাতালের পথে মৃত্যু

রঘুনাথগঞ্জ থানার মির্জাপুর অঞ্চলের কাটনাই-বৈদপুর গ্রামের শ্রীজগন্নাথ সরকার নামীয় একজন সাধারণ শ্রমিক বিগত ২৮শে জুন মঙ্গলবার সস্ত্রীক তাহাদের তিনটী কৃশকায় সন্তানকে চিকিৎসার জন্য জঙ্গিপুর দাতব্য চিকিৎসালয়ে আনিবার সময় রঘুনাথগঞ্জ চাউলপটীতে একটী শিশু অজ্ঞান হইয়া পড়ে এবং অল্পক্ষণ মধ্যে মৃত্যুমুখে পতিত হয়। স্থানীয় যুবকগণ শিশুটীর সৎকারের ব্যবস্থা করে। বাকী দুইটীকে লইয়া তাহারা হাসপাতালে যায়। দর্শকগণের অভিমত অনাহারে বা অর্দ্ধাহারে থাকার জন্য শিশুগুলি ক্রমশঃ ক্ষীণকায় হইয়াছে। ঔষধ অপেক্ষা ইহাদের পথ্যের আবশ্যকই বেশী বলিয়া অনুমিত হয়।

---

## মুর্শিদাবাদ জেলা ডাক ও তার-কর্মী সম্মেলন

—•—

মুর্শিদাবাদ জেলার তৃতীয় শ্রেণীর ডাক ও তার-কর্মী সম্মেলনের বার্ষিক অধিবেশন সম্প্রতি বহরমপুরে লোকসভা-সদস্য শ্রীত্রিদিব চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। প্রধান অতিথির আসন গ্রহণ করেন রাজ্যসভা-সদস্য শ্রীদ্বিজেন্দ্রলাল সেনগুপ্ত। জেলার তিন শ' ডাককর্মী এই অধিবেশনে উপস্থিত ছিলেন। নিখিল ভারত ডাককর্মী সমিতির সভাপতি শ্রীকৃষ্ণগোবিন্দ বসু ডাক-কর্মচারীদের বর্তমান অবস্থা সম্পর্কে আলোচনা করেন। সভাপতি শ্রীচৌধুরী তাঁর ভাষণে দেশের বর্তমান অবস্থার উল্লেখ করে মুদ্রামূল্য হ্রাসের কঠোর সমালোচনা করেন। তিনি ডাক-কর্মচারীদের বর্তমান অবস্থার সঙ্গে তাল রেখে চলতে বলেন।

নিম্নলিখিত কর্মকর্তাদের নিয়ে জেলা ডাক ও তারকর্মী সমিতির নূতন কার্য্যনির্বাহক সমিতি গঠিত হয় :-শ্রীবিজয় গুপ্ত অ্যাডভোকেট (সভাপতি) শ্রীদেবদাস চট্টোপাধ্যায় ( সহ-সভাপতি ), শ্রীসুধীরেন্দ্র সিংহ ( সাধারণ সম্পাদক ), শ্রীচিত্তরঞ্জন দাস ( সংগঠন সম্পাদক ) ও শ্রীজিতেন দে ( কোষাধ্যক্ষ )

---

## কিল মারবার গোঁসাই

॥ সু—মো—দে ॥

চোদ্দ ক্যারেটে স্যাঁকরা মরিল
ময়রারা সন্দেশে,
চাল তেল চেয়ে মুরুল মরিল
নিগ্রহ পীড়ন শেষে !
খাদ্য চাহিলে লাঠি গ্যাস গুলী
জাতির স্কন্ধে ভিক্ষার ঝুলি,
চালের বদলে কচু কাঁচকলা
জীবন যেতেছে টেঁসে !
আঠারো বছরে ভরিল না পেট
স্ফীতোদরে হাসে হুঁদে বনী শেঠ,
জাতির ভাগ্যে স্রেফ কাঁচকলা
ধুঁকিছে ছিন্নবেশে !
চোদ্দ ক্যারেটে স্যাঁকরা মরিল
ময়রারা সন্দেশে !!

---

## সীমান্তে নিষেধাজ্ঞা

—•—

মুর্শিদাবাদ জেলা সমাহর্তা শ্রীবিশ্বরূপ মুখোপাধ্যায় মহাশয় পশ্চিমবঙ্গ নিরাপত্তা আইনের ২০ ধারানুযায়ী প্রচারিত এক আদেশবলে ১৫ই জুলাই হইতে ১৪ই অক্টোবর ১৯৬৬ পর্য্যন্ত মুর্শিদাবাদ জেলার ভারত পাকিস্থান সীমান্তের পাঁচ মাইল পর্য্যন্ত ভূখণ্ডে সন্ধ্যা থেকে ভোর পর্য্যন্ত যে কোন প্রকার যানবাহনে অথবা মনুষ্যবাহিত হয়ে গৃহপালিত পশুসহ সর্ব্বপ্রকার আবশ্যকীয় পণ্য সামগ্রীর চলাচল এবং হাটে বাজারে দোকানে ক্রয় বিক্রয় নিষিদ্ধ কোরেছেন। কেবলমাত্র যথাযথ লাইসেন্স প্রাপ্ত ঔষধের দোকান, জেলা শাসন কর্ত্তৃপক্ষের কাছ থেকে প্রয়োজনীয় আদেশনামা-প্রাপ্ত কলিকাতা শিলিগুড়ি জাতীয় সড়কে কিংবা বহরমপুর জঙ্গিপুর ষ্টেট সড়কে চলাচলকারী যানসমূহের এবং প্রকৃত মৎস্যজীবীদের ক্ষেত্রে এই আদেশ আবশ্যকমত শিথিল করা হবে অথবা প্রযোজ্য হবে না। এই আইন অমান্য করিলে দণ্ডনীয় হইতে হইবে।

—জেলা প্রচার দপ্তর

---


## — কৃষি সংবাদ —

### ॥ পাটের চাষ ॥

**সময় মত বৃষ্টির অভাব সত্ত্বেও পাটের ফলন আমাদের বাড়ানো দরকার। প্রথম থেকেই পাটের যত্ন নিন—**

* পনের দিন অন্তর দু'বার ইউরিয়া স্প্রে করুন।
* গাছ দু' ফুটের চেয়ে বড় হলেই ইউরিয়া স্প্রে করা চলে।
* প্রতিবারে একর পিছু ৫ কে. জি. ইউরিয়া সার জলে গুলে স্প্রে করুন।
* সেই হিসেবে এক কেরোসিন টিন জলে ২০০ গ্রাম ইউরিয়া সার গুলে নিন।
* একটি স্প্রেয়ার যন্ত্র অর্দ্ধেক দামে ( ১০৩ টাকা ৫০ পয়সায় ) ব্লক অফিস থেকে কিনে নিন। এই যন্ত্র পরে কীটনাশক কাজেও লাগাতে পারবেন।
* পাটের ফলন বাড়িয়ে দেশকে বৈদেশিক মুদ্রা অর্জনে সহায়তা করুন।

ডবলু. বি. ( আই. অ্যাণ্ড. পি. আর ) এফ. পি. সি. ( সি. ১৬ ) ১১৬৪১ (৭৩)/৬৬


## চেকপোষ্টে হানা

গত ১৮ই আষাঢ় রবিবার মধ্যরাত্র নাগাদ বীরভূমের মিত্রপুর গ্রামের কাছে চেকপোষ্টের কর্মীরা চোরাই পাচারকারী সন্দেহে প্রায় ১২৫ জনের একটি দলকে আটক করে। ঐ সময় শেষোক্ত দলের লোকেরা চেক-পোষ্টের সাব-ইন্সপেক্টর ও একজন চৌকিদারকে মারধর করে বলে খবর পাওয়া গিয়েছে। আহত চৌকিদারকে হাসপাতালে ভর্ত্তি করা হয়। অভিযোগ এই যে, বীরভূম থেকে বেশ কিছু চাল ঘোড়ার পিঠে চাপিয়ে মুর্শিদাবাদ জেলার দিকে নিয়ে যাওয়া হচ্ছিল।

---

## পশ্চিমবঙ্গ পুলিশ বাহিনীতে প্রথম মহিলা

পশ্চিমবঙ্গ রাজ্য পুলিশ বাহিনীতে এই প্রথম ৪ জন নারী সাব-ইন্সপেক্টার এবং ১০ জন এ, এস, আই নিয়োগ করা হয়েছে। রাজ্য পুলিশ কর্ত্তৃপক্ষ এঁদের শিক্ষা দেওয়ার জন্য কলকাতা নারী পুলিশের সাহায্য চান। কলকাতা পুলিশ কমিশনার এ প্রস্তাবে রাজী হয়েছেন। ১৫ই জুলাই থেকে শিক্ষা দেওয়া শুরু হবে। অতিরিক্ত গোয়েন্দা পুলিশ কমিশনারের প্রত্যক্ষ তত্ত্বাবধানে লালবাজার পি আর বি'র ভারপ্রাপ্ত নারী অফিসার শিক্ষা দেবেন।

---



বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর

সি, কে, সেনের

# আমলা কেশ



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২

---

প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং **বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি** ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

**সর্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়**

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

# আর্ট ইউনিয়ন

সিটি সেলস অফিস
৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-১
টেলি: 'আর্ট ইউনিয়ন' কলি:

সেলস অফিস ও শোরুম
৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬
ফোন: ৫৫-৪৩৬৬

---

# দাস ঘর

পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)

সকল প্রকার সাইন-বোর্ড লেখা হয়

---

# সারিবাদ্যাসব

এর প্রতি ফোঁটাই আপনার রক্তের বিশুদ্ধতা আনবে এবং দেহে নূতন শক্তি ও উৎসাহের সঞ্চার করবে।

## ঢাকা আয়ুর্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও সাধনা ঔষধালয়ের প্রস্তুত

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—শ্রীননীগোপাল সেন, কবিরাজ
অন্নপূর্ণা ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)

---

আয়ুর্ব্বেদীয় ঔষধ ও তৈলাদির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

*ব্রজশশী আয়ুর্ব্বেদ ভবনের*

## পামারি

চুলকুনি ও সর্ব্বপ্রকার চর্ম্মরোগের অব্যর্থ মহৌষধ

কবিরাজ শ্রীরোহিনীকুমার রায়, বি-এ, কবিরত্ন, বৈদ্যশেখর
রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

---

হাতে কাটা

## বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

---

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।

**জঙ্গিপুর সংবাদ** সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য ২·২৫ নঃ পঃ অগ্রিম দেয়, নগদ মূল্য ·০৬ নঃ পঃ।

বিজ্ঞাপনের হার—প্রতিবার প্রতি লাইন ৫০ নঃ পঃ। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)